আজকের কাগজ

তারিখ 21 SEP 1995
পৃষ্ঠা ৮ কলাম ৩

14

# নির্বাচনের আগে বিএনপি'র নির্বাচনী এলাকার শিক্ষা ও ধর্মীয় প্রতিষ্ঠানগুলোর জন্যে ১৪০ কোটি টাকা অনুদান

কাগজ প্রতিবেদক ঃ সারদেশের শিক্ষা প্রতিষ্ঠান, মসজিদ ও মদ্রাসার জন্যে সরকারি বিশেষ অনুদান শুধুমাত্র বিএনপি সাংসদদের নির্বাচনী এলাকায় দেয়া হচ্ছে। প্রতিটি নির্বাচনী এলাকার জন্যে আগামী নভেম্বরের মধ্যে মোট ১৪০ কোটি টাকার এই বরাদ্দ দেয়ার সিদ্ধান্ত আছে। এই সিদ্ধান্ত অনুযায়ী মোট ১৩২১ টি স্কুল-কলেজ ও মদ্রাসা তালিকাভুক্ত করা হয়েছিল গত জুন মাসে। এর মধ্যে বিরোধী দলের নির্বাচনী এলাকাসমূহের শিক্ষা প্রতিষ্ঠান ও মদ্রাসা ছিলো ৩৭৮ টি। কিন্তু গত আগস্ট মাসে শিক্ষা ও ধর্ম মন্ত্রণালয় পৃথক পৃথক সারকুলার জারির মাধ্যমে ঐ ৩৭৮টি শিক্ষা প্রতিষ্ঠান বাদ দেয়। সূত্রমতে, বিরোধী দল অধ্যুষিত নিবাচনী এলাকা বাদ দেয়ার কারণ সম্পর্কে বলা হয়েছে, যেহেতু ঐ নির্বাচনী এলাকাগুলোতে এখন আর কোনো নির্বাচিত প্রতিনিধ নেই, তাই ঐ সব এলাকার শিক্ষা প্রতিষ্ঠান এবং ধর্মীয় প্রতিষ্ঠানে বরাদ্দ সম্ভব না। কিন্তু ঐ সব নির্বাচনী এলাকায় নির্বাচিত জন প্রতিনিধি আছে কিনা, তার সঙ্গে ঐ সব শিক্ষা প্রতিষ্ঠান ও ধর্মীয় প্রতিষ্ঠানের অনুদানের কোনো সম্পর্ক নেই। কারণ, এই অনুদানের সিদ্ধান্ত যখন নেয়া হয়েছিল, তখন বলা হয়েছিল যে সব শিক্ষা প্রতিষ্ঠানে বিজ্ঞান ও প্রযুক্তি শিক্ষার সম্প্রসারণ, ভবন উন্নয়ন এবং সহশিক্ষা কার্যক্রম করার জন্যে সরকারের কাছে আবেদন করেছে, তাদের আবেদন পর্যালোচনা ও মূল্যায়ন করে এবং অতীতে বরাদ্দ না পেয়ে থাকলে এই এককালীন বরাদ্দ দেয়া হবে। এই ভিত্তিতে প্রাপ্ত আবেদনের ভিত্তিতে ঐ তালিকা প্রণয়ন করা হয়েছিল। এর সঙ্গে নির্বাচিত প্রতিনিধি থাকা না থাকার কোনো সম্পর্ক নেই। কিন্তু আকস্মিকভাবে বিরোধী দল সংসদে নেই, এই যুক্তিতে বিরোধী দলের এলাকাগুলোকে বাদ দেয়ার কারণ রহস্যময়।

অনুদানের ১৪০ কোটি টাকা নভেম্বর ডিসেম্বর এই দু'মাস বরাদ্দ করা হবে। তালিকায় ১৩২১টি শিক্ষা প্রতিষ্ঠান থাকলেও সাংসদদের সুপারিশ ছাড়া জেলা প্রশাসকদের ঐ বরাদ্দ দিতে নিষেধ করা হয়েছে। স্পষ্টতই নির্বাচনের আগে ভোটারদের প্রভাবিত করার জন্যেই এই বরাদ্দ ও অনুদান দেয়া হয়েছে, যাতে সরকারি দলের সাংসদরা আগামী নির্বাচনে বাড়তি সুবিধা পায়।